**ঘাটতি পত্র**



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারিগরি শিক্ষা অধিদপ্তর
এফ-৪/বি, আগারগাঁও, ঢাকা-১২০৭।
শাখা- ১০ (পিআইইউ)
www.techedu.gov.bd

স্মারক নং-৫৭.০৩.০০০০.০৩৫.০১.০১৩.২৪.৯৬২

তারিখ: ০৬ সেপ্টেম্বর, ২০২৬ খ্রি.

**বিষয়: কারিগরি শিক্ষা অধিদপ্তরাধীন কুমিল্লা সরকারি পলিটেকনিক ইন্সটিটিউট এর ২০২৪-২০২৫ অর্থবছরের SFI (গুরুতর আর্থিক অনিয়ম) ও Non-SFI (সাধারন আর্থিক অনিয়ম) হিসেবে অডিট আপত্তির ব্রডশিট জবাব পুনরায় প্রেরণ প্রসঙ্গে।**

সূত্র: কুমিল্লা সরকারি পলিটেকনিক ইন্সটিটিউট এর স্মারক নং-৫৭.০৩.১৯৩৩.৩০১.০১.০০১.২৫.৩৪৫৪, তারিখ: ০৩ আগস্ট, ২০২৬ খ্রি.

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে কারিগরি শিক্ষা অধিদপ্তরাধীন কুমিল্লা সরকারি পলিটেকনিক ইন্সটিটিউট এর ২০২৪-২০২৫ অর্থবছরের ০১টি (অনুচ্ছেদ নং- ০৫) SFI (গুরুতর আর্থিক অনিয়ম) এবং ০৯টি (অনুচ্ছেদ নং- ১০, ১১, ১৩, ২১, ২৫, ২৮, ৩০, ৩২ ও ৩৩) Non-SFI (সাধারন আর্থিক অনিয়ম) সহ মোট ১০টির ব্রডশিট জবাব অত্র অধিদপ্তরে পাওয়া গিয়েছে। কিন্তু প্রমাণকসহ ব্রডশিট জবাব যথাযথ না হওয়ায় ০১টি SFI (অনুচ্ছেদ নং- ০৫) কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগে এবং ০৬টি Non-SFI (অনুচ্ছেদ নং- ১৩, ২৫, ২৮, ৩০, ৩২ ও ৩৩) অডিট আপত্তি শিক্ষা অডিট অধিদপ্তরে প্রেরণ করা সম্ভব হয়নি। উল্লিখিত ০৭টি অডিট আপত্তির উপযুক্ত প্রমাণকসহ ব্রডশিট জবাব জরুরী ভিত্তিতে প্রেরণের প্রয়োজনীয়তা রয়েছে। অডিট আপত্তির ঘাটতির বিবরণ পৃথক পাতায় বর্ণনা করা হলো **(কপি সংযুক্ত)**।

এমতাবস্থায়, উক্ত ০১টি SFI অডিট আপত্তির প্রমাণকসহ ব্রডশিট জবাব তিন সেট এবং ০৬টি Non-SFI অডিট আপত্তির প্রমাণকসহ ব্রডশিট জবাব দুই সেট আগামী ০৫ কার্যদিবসের মধ্যে এ অধিদপ্তরে প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি: বর্ণনা মোতাবেক ০২ (দুই) পাতা।

০৬/০৯/২৬

ড. রেজা হাসান মাহমুদ
সহকারী পরিচালক (অডিট ও আইন)
কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা।

অধ্যক্ষ
কুমিল্লা সরকারি পলিটেকনিক ইন্সটিটিউট, কুমিল্লা।

**অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):**

০১। পরিচালক (পিআইডব্লিউ/প্রশাসন), কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
০২। ভারপ্রাপ্ত কর্মকর্তা, আইসিটি সেল, কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা (পত্রখানা অধিদপ্তরের ওয়েব সাইটে প্রকাশ ও সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের ই-মেইলে প্রেরণের অনুরোধসহ)।
০৩। মহাপরিচালকের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
০৪। সংশ্লিষ্ট নথি।

**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**কারিগরি শিক্ষা অধিদপ্তর**
**এফ-৪/বি, আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭।**
www.techedu.gov.bd

বিষয়: কারিগরি শিক্ষা অধিদপ্তরাধীন কুমিল্লা সরকারি পলিটেকনিক ইন্সটিটিউট এর ২০২৪-২০২৫ অর্থবছরের SFI (গুরুতর আর্থিক অনিয়ম) হিসেবে অডিট আপত্তি ০১টি (অনুচ্ছেদ নং- ০৫) এবং Non-SFI (সাধারন আর্থিক অনিয়ম) হিসেবে অডিট আপত্তি ০৬টি (অনুচ্ছেদ নং- ১৩, ২৫, ২৮, ৩০, ৩২ ও ৩৩) ব্রডশিট জবাবে ঘাটতির বিবরণ নিম্নরুপ:

| ক্র. নং | নিরীক্ষার সন, অনুচ্ছেদ ও আপত্তির ধরণ | শিরোনাম | ঘাটতির বিবরণ | মন্তব্য |
|---|---|---|---|---|
| ১ | আপত্তির সাল: ২০২৪-২০২৫ অনুচ্ছেদ: ০৫ (SFI) | পরীক্ষা তহবিলের নির্ধারিত সরকারি প্রাপ্য অংশ (৫% ও ১০%) সরকারি কোষাগারে জমা না করায় সরকারের আর্থিক ক্ষতি | ক). শিক্ষক কর্মকর্তা/কার্মচারীর তালিকা সংযুক্ত করা হয়নি; খ). নিষ্পত্তিমূলক উপাযুক্ত প্রমাণক সংযুক্ত করা হয়নি; | উল্লিখিত ঘাটতিসমূহ প্রমাণক হিসেবে সংযুক্ত করে পুনরায় ব্রডশিট জবাব প্রেরণ করতে হবে। |
| ২ | আপত্তির সাল: ২০২৪-২০২৫ অনুচ্ছেদ: ১৩ (Non-SFI) | অধ্যক্ষ ও উপাধ্যক্ষকে অভ্যন্তরীণ ও বহি:পরীক্ষার জন্য নির্ধারিত হার অপেক্ষা অতিরিক্ত হারে সম্মানি প্রদান করায় সরকারের আর্থিক ক্ষতি। | ক). শিক্ষক কর্মকর্তা/কার্মচারীর তালিকা সংযুক্ত করা হয়নি; খ). নিষ্পত্তিমূলক উপাযুক্ত প্রমাণক সংযুক্ত করা হয়নি; | উল্লিখিত ঘাটতিসমূহ প্রমাণক হিসেবে সংযুক্ত করে পুনরায় ব্রডশিট জবাব প্রেরণ করতে হবে। |
| ৩ | আপত্তির সাল: ২০২৪-২০২৫ অনুচ্ছেদ: ২৫ (Non-SFI) | রাজস্ব ও বেতন বহি তহবিলের অব্যয়িত অর্থ সরকারি কোষাগারে জমা না করায় আর্থিক ক্ষতি। | ক). নিষ্পত্তিমূলক উপাযুক্ত প্রমাণক সংযুক্ত করা হয়নি; খ). ব্রডশিট জবাব সুনির্দিষ্ট এবং স্পষ্টিকরণ নয়; | উল্লিখিত ঘাটতি প্রমাণক হিসেবে সংযুক্ত করে পুনরায় ব্রডশিট জবাব প্রেরণ করতে হবে। |
| ৪ | আপত্তির সাল: ২০২৪-২০২৫ অনুচ্ছেদ: ২৮ (Non-SFI) | ক্যাশবুক হিসাবের সাথে ব্যাংক হিসাবের গড়মিল। | ক). ব্রডশিট জবাবের সপক্ষে সুনির্দিষ্ট এবং নিষ্পত্তিমূলক প্রমাণক সংযুক্ত করা হয়নি; | উল্লিখিত ঘাটতি প্রমাণক হিসেবে সংযুক্ত করে পুনরায় ব্রডশিট জবাব প্রেরণ করতে হবে। |
| ৫ | আপত্তির সাল: ২০২৪-২০২৫ অনুচ্ছেদ: ৩০ (Non-SFI) | নিরীক্ষা দলের চাহিদা থাকা সত্ত্বেও নিরীক্ষাযোগ্য নথি উপস্থাপন করা হয়নি। | ক). ব্রডশিট জবাবের সপক্ষে সুনির্দিষ্ট এবং নিষ্পত্তিমূলক প্রমাণক সংযুক্ত করা হয়নি; | উল্লিখিত ঘাটতি প্রমাণক হিসেবে সংযুক্ত করে পুনরায় ব্রডশিট জবাব প্রেরণ করতে হবে। |

| ক্র. নং | নিরীক্ষার সন, অনুচ্ছেদ ও আপত্তির ধরণ | শিরোনাম | ঘাটতির বিবরণ | মন্তব্য |
|---|---|---|---|---|
| ৬ | আপত্তির সাল: ২০২৪-২০২৫ অনুচ্ছেদ: ৩২ (Non-SFI) | শিক্ষার্থীদের নিকট হতে ম্যাগাজিন খাতে আদায়কৃত অর্থ দিয়ে ম্যাগাজিন ছাপানো হয়নি। | ক). ব্রডশিট জবাবের সপক্ষে সুনির্দিষ্ট এবং নিষ্পত্তিমূলক প্রমাণক সংযুক্ত করা হয়নি; | উল্লিখিত ঘাটতি প্রমাণক হিসেবে সংযুক্ত করে পুনরায় ব্রডশিট জবাব প্রেরণ করতে হবে। |
| ৭ | আপত্তির সাল: ২০২৪-২০২৫ অনুচ্ছেদ: ৩৩ (Non-SFI) | চুক্তি অনুযায়ী কাজ শুরু না করা সত্ত্বেও টেন্ডার সিকিউরিটি বাজেয়াপ্ত না করায় সরকারের আর্থিক ক্ষতি। | ক). ব্রডশিট জবাবের সপক্ষে সুনির্দিষ্ট এবং নিষ্পত্তিমূলক প্রমাণক সংযুক্ত করা হয়নি; | উল্লিখিত ঘাটতি প্রমাণক হিসেবে সংযুক্ত করে পুনরায় ব্রডশিট জবাব প্রেরণ করতে হবে। |

**বি: দ্র: উল্লিখিত অডিট আপত্তিসমূহের খসড়া ব্রডশিট জবাব প্রস্তুত করে এ অধিদপ্তরের অডিট শাখার সাথে আলোচনা পূর্বক চূড়ান্ত ব্রডশিট জবাব প্রেরণ করতে হবে।**

G Basak
০৭/১০/২০২৪